আজকের কাগজ

তারিখ 22 JUN 1995
পৃষ্ঠা ৮ কলাম ৭

160

## ঢা.বি.'র অবৈধ ৮০ শিক্ষার্থীর বিরুদ্ধে শিগগির ব্যবস্থা নেয়া হবে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে অবৈধ ভর্তি হওয়া ৮০ জন শিক্ষার্থীর বিরুদ্ধে শিগগির কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। মাষ্টার্স প্রথম পর্বের এ সব শিক্ষার্থীরা কর্তৃপক্ষের কাছে তাদের প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শনে ব্যর্থ হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় এ সিদ্ধান্ত নিয়েছে। গতকাল ছিলো এসব কাগজপত্র প্রদর্শনের শেষ দিন।

এদিকে একদল উচ্ছৃংখল ছাত্র এ ৮০ জন শিক্ষার্থীর পক্ষ হয়ে প্রশাসনিক ভবনের কর্মকর্তা কর্মচারিদের বিভিন্নভাবে হুমকি দিচ্ছে।